


কারুময় ফ্রেম

প্রদর্শনী ও
সেমিনার

Crafts Frame Exhibition
and Seminar



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
BANGLADESH FOLK ART & CRAFTS FOUNDATION

কারুন্ময় ফ্রেম প্রদর্শনী

ও

সেমিনার

Crafts Frame Exhibition & Seminar

৩২৭৫

স্থান : বাংলাদেশ জাতীয় যাদুঘর

Venue : Bangladesh National Museum



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

Bangladesh Folk Art & Crafts Foundation

সোনারগাঁও, নারায়ণগঞ্জ

Sonargaon, Narayanganj

কারুন্ময় ফ্রেম প্রদর্শনী ও সেমিনার
প্রদর্শনী : ২০ থেকে ২২ শে জুলাই '৯৬
সেমিনার : ২১ শে জুলাই '৯৬

প্রধান সম্পাদক :
বজলুর রহমান ভূঁইয়া
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

নির্বাহী সম্পাদক :
সৈয়দ মাহবুব আলম
উপ-পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

প্রচ্ছদ ও অলংকরণ
জসিমউদ্দিন
প্রদর্শন অফিসার
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

আলোকচিত্র :
সফিকুর রহমান
ফটোগ্রাফার
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

প্রকাশের তারিখ : ১৯শে জুলাই ১৯৯৬

প্রকাশনায় :
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
পোঃ আমিনপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

মুদ্রণে : এশিয়াটিক সিভিল মিলিটারি প্রেস

Crafts Frame Exhibition and Seminar
Exhibition : 20-22 July '96
Seminar : 21 July '96

Chief Editor :
Bazlur Rahman Bhuiyan
Director
Bangladesh Folk Art & Crafts
Foundation

Executive Editor :
Syed Mahbub Alam
Deputy Director
Bangladesh Folk Art & Crafts
Foundation

Cover & Illustration :
Jashimuddin
Display Officer
Bangladesh Folk Art & Crafts
Foundation

Photography :
Shafiqur Rahman
Photographer
Bangladesh Folk Art & Crafts
Foundation

Date of Publication : 19th July
1996

Published by :
Bangladesh Folk Art & Crafts
Foundation, P. O. Aminpur,
Sonargaon, Narayanganj

Printer : Asiatic Civil Military Press



বাণী

বাংলাদেশের লোক ও কারুশিল্পের সুমহান ঐতিহ্য রয়েছে। গ্রামের সাধারণ কারুশিল্পীর দক্ষতা ও শৈল্পিক চেতনায় যে লোকশিল্প সৃষ্টি হয় তা আমাদের জাতীয় সংস্কৃতির স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্যের দাবীদার। এই প্রেক্ষিতে সাংস্কৃতিক ঐতিহ্যের শেকড় সম্বন্ধে লোক ও কারুশিল্প ফাউন্ডেশন দেশের লোক ও কারুশিল্পের সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন এবং পুনরুজ্জীবনে নিয়োজিত। লোক ও কারুশিল্পের পুনরুজ্জীবনের লক্ষ্যে গ্রামের সাধারণ মানুষের শিল্পকলা-লোকশিল্পের শক্তি ও সম্ভাবনাকে কাজে লাগানোর উদ্দেশ্যে ফাউন্ডেশন আয়োজিত কারুশিল্প ফ্রেম প্রদর্শনী ও সেমিনার আয়োজন এক সময়োপযোগী পদক্ষেপ। ফাউন্ডেশনের গবেষকদের গবেষণামূলক সৃষ্টি কারুশিল্প ফ্রেমের প্রসারে এই প্রদর্শনী ও সেমিনার কার্যকরী ভূমিকা পালনে সক্ষম হবে বলে আমি আশা করি।

আমি কারুশিল্প ফ্রেম প্রদর্শনী ও সেমিনারের সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

ওবায়দুল কাদের
প্রতিমন্ত্রী

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

Message

Folk Art and Crafts of Bangladesh has a glorious past. The craftsmanship and artistic ingenuity displayed by village artisans is certainly a part of our national culture, distinguished by its own characteristics. With a view to collecting, preserving, promoting and reviving our traditional culture Bangladesh Folk Art and Crafts Foundation has organized an exhibition and seminar on Craft Frames. It is hoped that this exhibition will be a milestone in rejuvenating our golden folk heritage. This is not only a noble attempt but also very time serving in the context of revivalism in folk art. It is hoped that the exhibition and seminar organized by the Folk Foundation on the research-oriented craft frames would go a long way in creating greater awareness of our folk culture.

I wish the exhibition and seminar of Craft Frames a grand success.

Obaidul Quader

State Minister
Ministry of Youth & Sports and
Ministry of Cultural Affairs



বাণী

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কর্মকর্তাগণ ও শিল্পীর উদ্ভাবন কারুশিল্প ফ্রেমের প্রদর্শনী ও সেমিনার অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। কারুশিল্পের নতুন উদ্ভাবন, প্রসারে এই উদ্যোগ ফাউন্ডেশনের উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়নে এক বাস্তবানুগ পদক্ষেপ।

আমি ফাউন্ডেশন আয়োজিত কারুশিল্প ফ্রেমের প্রদর্শনী ও সেমিনারের সাফল্য কামনা করি।

অধ্যাপক মোঃ রেজাউল করিম

সংসদ সদস্য, সোনারগাঁও

এবং

সদস্য প্রযুক্ত পরিষদ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন



Message

I am very delighted to know that Bangladesh Folk Art and Crafts Foundation has organized an exhibition and seminar on Craft Frames developed by the officials and artisans of the Foundation. This is certainly a very appropriate attempt towards revivalism in folk art on the part of the Foundation, marked by inventiveness and artistic values.

I wish the exhibition and seminar on Craft Frames all success.

Prof. Md. Rezaul Karim

Member of the Parliament ,

Sonargaon

and

Member, Trustee Board

Bangladesh Folk Art and Crafts

Foundation



বাণী

বাংলাদেশের লোক ও কারু শিল্পের ঐতিহ্যের ধারা এদেশের সংস্কৃতির প্রাণ। লোক ও কারু শিল্পের সংগ্রহ, সংরক্ষণ ও পুনরুজ্জীবনে নিয়োজিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আয়োজিত কারুশিল্প ফ্রেম প্রদর্শনী ও সেমিনার বাংলাদেশের লোক ও কারুশিল্পের পুনরুজ্জীবনে এক মহতী প্রয়াস। দেশের অবহেলিত গ্রামের কারুশিল্পীর শিল্পকলা-লোক ও কারুশিল্পের এক বিরাট সম্ভাবনা রয়েছে। লোক ও কারুশিল্পের ঐতিহ্যের পুনরুজ্জীবনে ফাউন্ডেশনের কর্মকর্তাগণের নতুন উদ্ভাবিত কারুশিল্প ফ্রেমের প্রদর্শনী ও সেমিনার অনুষ্ঠান এক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

আমি ফাউন্ডেশন আয়োজিত কারুশিল্প ফ্রেমের প্রদর্শনী ও সেমিনারের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

মোঃ মোখলেসুর রহমান
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

Message

The folk art and crafts of Bangladesh is the lifeline of the traditional culture of this country. Bangladesh Folk Art and Crafts Foundation, which is engaged in collecting, preserving and reviving folk heritage, has organized a rare exhibition and seminar of Craft Frames. This may be described as a laudable effort on the part of the Foundation to revive and recreate new trend of folk culture. It is hoped that the exhibition and seminar, which would reflect on the rural arts and crafts would help revive the much neglected folk crafts of the artisans and play a vital role in projecting folk traditions.

I wish the exhibition and seminar, organized by the Foundation all success.

Md. Mokhlesur Rahman
Secretary
Ministry of Cultural Affairs

ভূমিকা

বাংলাদেশের গ্রামের সাধারণ মানুষ আবহমান কাল ধরে লোক ও কারুশিল্প সৃষ্টি করে এক সোনালী ঐতিহ্য সৃষ্টি করেছে। ঐতিহ্যময় লোক ও কারুশিল্প সৃষ্টি করে সারা বিশ্বে এদেশের সংস্কৃতির পরিচয়কে অব্যাহত ভাবে তুলে ধরার কাজে নিয়োজিত। প্রতিনিয়ত গ্রামের লোকশিল্পী ঐতিহ্যের সংস্কৃতির পরিসীমায়, আলোকে উদ্ভাবনী শক্তির উন্মেষ ঘটিয়ে লোক ও কারুশিল্পের সৃষ্টির পরিচয়, মর্যাদাকে উজ্জীবিত করছে। গ্রামের লোক ও কারুশিল্পী পুরানো ধারায়, গড়ণে, রং এ, বৈশিষ্ট্যে নতুনের, বৈচিত্র্যের আহবান জানাতে রূপান্তরের ধারায় লোক ও কারুশিল্পের ভাণ্ডারকে কালিক পরিসীমার সীমাবদ্ধতাকে অতিক্রম করিয়ে লোক ও কারুশিল্পকে সকল কালের, সার্বজনীন করার প্রচেষ্টায় রত। সেজন্যই বাংলাদেশের লোক ও কারুশিল্প এদেশের লোক সমাজের সাধারণ মানুষের কাছে চিরচেনা, জনপ্রিয়। যাপিত জীবনের সংগে অঙ্গাঙ্গীভাবে জড়িত। হয়েছে সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অঙ্গ। জীবনের পরিচয়, সংস্কৃতির পরিচয়, পরিবেশ ও প্রতিবেশের পরিচয়ের ধারক বাহক লোক ও কারুশিল্প। লোক জীবনের শিল্পকলা লোক ও কারুশিল্পের শিল্পী ও কারিগর তার চার পাশের প্রকৃতি ও পরিবেশের উপাদান ও উপকরণ দিয়ে লোক ও কারুশিল্প সৃষ্টির পথ পায়। ঐতিহ্যের লোক ও সংস্কৃতির নানা উপাদান যেমন কালিক ব্যবধানে রূপান্তর প্রক্রিয়ায় রূপান্তরিত রূপে নবরূপ লাভ করে, ক্রিয়াশীল থাকে মানুষের প্রয়োজনে তেমনি লোক ও কারুশিল্প সকলকালের অতীত, বর্তমান ও ভবিষ্যতের মানুষের জন্য রূপান্তরের প্রক্রিয়ায় গড়ণে, রং এ, বৈশিষ্ট্যে রূপান্তরিতভাবে কাংক্ষিত রূপে আয়প্রকাশ করে।

Introduction

The common people of rural Bangladesh have succeeded in creating a golden heritage of folk tradition by making indigenous and aesthetically satisfying objects of folk art and crafts from time immemorial. In doing so they played a vital role in projecting time-honoured craftsmanship of the village artisans in world arena. In spite of their extreme constraints in obtaining folk materials the band of folk artists dedicated themselves in not only expanding their range of craftsmanship but continually experimenting new methods and technique, reflecting their depth of perception, utmost skill and ingenuity. They always combined their originality with technical know-how, so as to invent new and advanced forms of folk tradition with all the locally available folk materials they can lay their hands on. In combining old techniques with new methodology, they eminently succeeded in universalising their crafts which never remain static. Their craftsmanship is not only the hallmark of their age-old techniques but also symptomatic of the rural cultural ethos in which they were born and bred. In fact folk art is a reflection of the folk society in which they live. Their hopes and aspirations are deeply engrained in their works. These folk objects are not merely the only sources of earning for these craftsman say, potter, wood carver, bell metal worker etc., but also they represent a kind of transition from the past to the present and also pave the way they would develop or crystalize in future.

লোক ও কারুশিল্পের শিল্পী উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত কৌশল ও দক্ষতার উপর নির্ভর করে অনুভব ও চেতনাকে কাজে লাগিয়ে লোক ও কারুশিল্পের সৃষ্টির ভাণ্ডারকে সমৃদ্ধ করেছে। লোক ও কারুশিল্পের সৃষ্টির ধারাকে সচল, অব্যাহত রাখতে ক্লাস্তিহীন, আন্তরিক চেষ্টা চালিয়ে যাচ্ছে। গ্রামের লোক শিল্পীর এই কর্ম উদ্দীপনাময় উদ্যোগ ও উদ্ভাবনীয় প্রচেষ্টা আমাদের দৃষ্টির বাইরে চলে যেতে বসেছে। ক্রমশ এই পরিবর্তন হয়ে চলেছে। আমরা কেবল সৃষ্টির ফসল লোক ও কারুশিল্পের বাহ্যিক অবয়ব, রূপকেই অবলোকন করি, সৃষ্টি প্রক্রিয়ার নানা বাঁক, পর্যায় আমাদের চোখের আড়ালেই ঢাকা পরে। লোকশিল্পীর সৃষ্টির পথ পরিক্রমার বিচিত্র ধারা ও পর্যায়ের যে গতি, বেগ, অন্তর্দৃষ্টি রয়েছে এবং অফুরন্ত সম্ভাবনাকে ধারণ করে আছে তা অনুপুংখ গবেষণা ও মূল্যায়নের দাবী রাখে।

বাংলাদেশের লোক ও কারুশিল্পের ঐতিহ্যের সংগ্রহ, সংরক্ষণ ও পুনরুজ্জীবনের লক্ষ্যে নিয়োজিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন লোক ও কারুশিল্পের শিল্পী ও কারিগরদের দক্ষতা, কৌশল, উদ্ভাবনী শক্তির সম্ভাবনার প্রতি মর্যাদা প্রদানে তাদের সম্ভাবনাকে কাজে লাগানোর বিষয়ে প্রায়োগিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সম্প্রতি ফাউন্ডেশনের লোক ও কারুশিল্প বিষয়ক গবেষক, শিল্পী, এবং কারুশিল্পীগণ যৌথ প্রচেষ্টায় আমাদের দেশের প্রকৃতি ও পরিবেশ থেকে সংগ্রহ করা সহজলভ্য নানা উপকরণ, কাঁচামাল দিয়ে প্রকৃতির উপাদানের রং, রূপ, সুস্বাদুতা, মৃদুতার গুণের, বৈশিষ্ট্যের কারুসময় ফ্রেম উদ্ভাবন করেছে। বাঁশ, বেত, মাটি, কাঠ ও চিনামাটির টুকরা, ফলের বীজ, কাপড়, নুড়ি ইত্যাদি অতি সাধারণ উপকরণ, দিয়ে নানা রংএর, রূপের কারুসময় ফ্রেম সৃষ্টি এদেশের কারুশিল্প সৃষ্টির পথ পরিক্রমায়

It is well known fact that a folk artist is he who draws inspiration from the old and almost lost traditional craftsmanship and tries to recreate his objects with his ideas, concept, artistic feeling, with a view to enrich our folk traditional culture. A folk artist, say a potter, or wood carver is the visible symbol of old traditional guild which at one time created superb works of art, marked by spontaneity, diversity and utilitarian mannerism. The dimension they created in folk forms, say Nakshi Kantha, is breath taking. It is gratifying to note that these traditional artists were trend-setters of many modern craftsmanship, now attempted by various commercial firms.

Realising the importance of folk arts Bangladesh Folk Art and Crafts Foundation is engaged in collecting, preserving and promoting folk art and crafts. In doing so they are constantly encouraging folk artisan and artists to improve their skill and creative ability. The Foundation has recently undertaken a research project with a view to explore the possibility of utilising most ordinary readily available and in many cases disposable things for creating a great variety of art objects, for example artistically made craft frames under the patronage of Director, Deputy director and the staff of the Foundation an experiment is going on with this type of frames with such cheap and common materials such as pieces of partex, hard board, porcelain, seeds of fruits, bamboo, clay, wood, cloth, small pebbles, conch shell etc. In making these beautiful and attractive craft frames the foundation has attracted considerable attention and also great appreciation in exhibitions

নিঃসন্দেহে এক নব সংযোজন। গত ডিসেম্বর, ১৯৯৪ এবং মার্চ, ১৯৯৫ সোনার গাঁয়ে ফাউন্ডেশন চত্বরে নব উদ্ভাবিত কারুশিল্পফ্রেমের সীমিত পর্যায়ে পরীক্ষামূলক দু'টি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। দর্শকদের মধ্যে এই প্রদর্শনী কৌতুহল, উৎসাহ ও নব উদ্দীপনার সৃষ্টি করে। আমাদের প্রকৃতি ও পরিবেশের উপকরণের গুণ ও বৈশিষ্ট্যের নব আঙ্গিকের সংগে একাত্ম হয়। দেশে ও বিদেশের গণমাধ্যম গুলোতে এর ব্যাপক প্রচার হয়। এতে কারুশিল্পফ্রেম সকলের দৃষ্টিতে কারুশিল্পের সৃষ্টির ক্ষেত্রে একটি পর্যায়ে পৌঁছেছে। এই প্রেক্ষিতে কারুশিল্প ফ্রেমের উদ্ভাবনী বৈশিষ্ট্যের বহুমাত্রিকতাকে তুলে ধরতে আরো ব্যাপক পরিচয় ও প্রসারের উদ্দেশ্যে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবারে ১০০ রকমের উপকরণ, উপাদান দিয়ে একশ ধরনের কারুশিল্প ফ্রেমের প্রদর্শনী, জাতীয় যাদুঘরে ২০ থেকে ২২শে জুলাই '৯৬ পর্যন্ত এবং ২১ জুলাই '৯৬ সেমিনার আয়োজন করেছে। প্রতিটি কারুশিল্প ফ্রেমের মাঝখানে শোভা পাবে আমাদের দেশের গ্রামের মেয়েদের তৈরী নানা মোটিফে নকশায় সমৃদ্ধ নকশী কাঁথা এবং চিত্র। কারুশিল্প ফ্রেম প্রদর্শনী, ও সেমিনার এর মাধ্যমে শুধু ঐতিহ্য বিস্তারে সমৃদ্ধ হবে না এই নব উদ্ভাবন কারুশিল্প ফ্রেমের শৈল্পিক, বাণিজ্যিক সম্ভাবনা তা দেশীয়, আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে প্রসার, বিস্তারের নানা পথকে করবে প্রশস্ত ও গতিময়।

বজলুর রহমান ভূঁইয়া
পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

held at the Foundation premises in 1994 , and 1995. These craft frames are unique in the sense that they are different from articulated and metallic photo frames available at shopping centres because they are made of very cheap and readily available materials and from artistic point of view these are marked by a variety of designs and colour combinations and textures, which some time give three dimensional effects. These artistic frames were highly acclaimed as great pieces of original art work by the visitors at the exhibition and received great publicity at home and abroad. There is no doubt that these craft frames made of common folk materials created a great diversion in folk art and undoubtedly added a new chapter in the history of folk traditions of Bangladesh. Realising the importance of these craft frames, which already created stir in art circle. Bangladesh Folk Art and Crafts Foundation has arranged an exhibition in Dhaka at the National Museum from 20th to 22nd July 1996. Seminar will be held on 21st July 1996. It is hoped that this exhibition and Seminar will create a better awareness about this new medium of folk arts and crafts. Purpose of this exhibition and Seminar is not only to draw attention and appreciation of the artlovers, but also, to make it commercially viable.

Bazlur Rahman Bhuiyan
Director
Bangladesh Folk Art & Crafts
Foundation

কারুণ্য ফ্রেমের উদ্ভাবক :

বজলুর রহমান ভূঁইয়া

পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

Crafts Frame

Conceptualist :

Bazlur Rahman Bhuiyan

Director

Bangladesh Folk Art &

Crafts Foundation

কারুণ্য ফ্রেমের শিল্পতাত্ত্বিক

সৈয়দ মাহবুব আলম

উপ-পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

Crafts Frame

Aesthetic Concept :

Syed Mahbub Alam

Deputy Director

Bangladesh Folk Art &

Crafts Foundation

কারুণ্য ফ্রেমের শিল্পী

জসিমউদ্দিন

প্রদর্শন অফিসার

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

Crafts Frame Artist :

Jashimuddin

Display Officer

Bangladesh Folk Art &

Crafts Foundation


৩২৭৬



ছাপা কাগজের নকশা ফ্রেম
Paper frame

উপকরণ : রেপিং পেপার, হার্ডবোর্ড, কাঠ, পাটি
ও নকশী কাঁথা

Material : Printed paper, Hard board,
Wood, Pati, Nakshi Khata



বাঁশের চাকতি ফ্রেম
Bamboo Wafer frame

উপকরণ : পাটি, বাঁশ, কাঠ, হার্ডবোর্ড ও নকশী
কাঁথা

Material : Bamboo, Wood, Hard
board, Nakshi Kantha



বাঁশের চিক ফ্রেম
Bamboo frame

উপকরণ : বাঁশ, কাঠ, হার্ডবোর্ড পাটি ও নকশী
কাঁথা


Material : Bamboo, Wood, Pati, Hard
board, Nakshi Kantha



সুতায় নকশী পাখা ফ্রেম
Coloured thread frame

উপকরণ - : পাখা তৈরির সুতা, হার্ডবোর্ড, কাঠ, পাটি ও নকশী কাঁথা

Material : Coloured cotton, thread, Hard board, Pati, Nakshi Kantha



মোজাইক ফ্রেম
Mosaic frame

উপকরণ : চীনা মাটির পাত্র ভাঙ্গা, নকশী কাঁথা, কাঠ ও হার্ডবোর্ড


Material : Broken porcelain pieces, Wood, Hard board, Pati, Nakshi Kantha



কাঠের ছোবড়ার গোল নকশা ফ্রেম
Wood frame

উপকরণ : কাঠের রান্দা করার পর উচ্ছিষ্ট ছোবড়া, পাটি, কাঠ এবং হার্ডবোর্ড


Material : Waste Wood, Wood, Hard board, Pati, Nakshi Kantha



পোড়া মাটির মোজাইক ফ্রেম
**Earthen pot
 Mosaic frame**

উপকরণ : মাটির হাঁড়ি ভাঙ্গা, পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা


Material : Broken pieces of earthen pot, wood, Hard board, Pati, Nakshi Kantha



বেতের বুনন ফ্রেম
Cane Mat frame

উপকরণ : বেত, পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা


Material : Cane, Wood, Hard board, Pati, Nakshi Kantha



পাট খড়ির ফ্রেম
Jute Stick frame

উপকরণ : পাট খড়ি, পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা

Material : Jute stick, Wood, Hard board, Pati, Nakshi Kantha



কুল বিচির ফ্রেম

Fruit Seed frame

উপকরণ : কুল বিচি, কাঠ, পাটি, হার্ডবোর্ড ও নকশী কাঁথা

Material : Fruit seed, wood, Hard board, Pati, Nakshi Kantha



হোগলা ফ্রেম

Grass frame

উপকরণ : হোগলা, পাটি, হার্ডবোর্ড, নকশী কাঁথা ও কাঠ

Material : Grass (Hogla), Wood, Hard board, Pati, Nakshi Kantha



নারিকেল গাছের ছোবড়া ফ্রেম

Coconut Bark frame

উপকরণ : নারিকেল গাছের পরিত্যক্ত ছোবড়া, পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা

Material : Coconut tree, Bark, Hard board, Pati, Nakshi kantha

কার্যময় ফ্রেমের তালিকা

ক্রমিক	নাম	উপকরণ	উকরণ প্রাপ্তি স্থান
১, ২, ও ৩	তেঁতুল বিচি ফ্রেম	তেঁতুল বিচি, কাঠ হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৪, ৫ ও ৬	রশির নকশা ফ্রেম	শন পাটের রশি, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	ঐ
৭, ৮	ঝিনুক ভাঙ্গা-মোজাইক ফ্রেম	ভাঙ্গা ঝিনুকের টুকরা, কাঠ, হার্ডবোর্ড পাটি, নকশী কাঁথা	ঐ
৯, ১০, ১১, ও ১২	বেতের জালি নকশী ফ্রেম	বেত, কাঠ, হার্ডবোর্ড পাটি, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র তবে বেত ও পাটি সিলেট জেলায় বেশী পাওয়া যায়।
১৩	নারিকেল গাছের ছোবড়া ফ্রেম	নারিকেল গাছের ছোবড়া কাঠ, হার্ডবোর্ড, পাটি, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র তবে নারিকেল গাছের ছোবড়া উপকূলীয় অঞ্চলে বেশী পাওয়া যায়।
১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮	পাট খড়ির স্ট্রাইপ নকশা ফ্রেম	পাটখড়ি, কাঠ, হার্ডবোর্ড, পাটি, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র তবে পাট খড়ি পাওয়া যাবে বৃহত্তর কুমিল্লা, টাঙ্গাইল বৃহত্তর ঢাকা জেলায় ও ময়মনসিংহ জেলায় বেশী
১৯, ২০, ২১ ও ২২	বাঁশের চাটাই ফ্রেম	বাঁশের চাটাই, পাটি, কাঠ, হার্ডবোর্ড, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র, তবে বাঁশ পার্বত্য চট্টগ্রাম ও সিলেটে বেশী পাওয়া যায়
২৩, ২৪	বাঁশের চাকতি ফ্রেম	বাঁশ, কাঠ, হার্ডবোর্ড, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র তবে পার্বত্য চট্টগ্রাম ও সিলেটে বেশী পাওয়া যায়
২৫, ২৬	চুমকি, নকশা ফ্রেম	চুমকি, রং, কাঠ, পাটি ও হার্ডবোর্ড	শহরাঞ্চলের বাজারে
২৭, ২৮, ২৯, ৩০ ও ৩১	জামদানী শাড়ীর নকশা ফ্রেম	ঢাকাই জামদানী, কাঠ, পাটি, হার্ডবোর্ড, ও নকশী কাঁথা	জামদানী ঢাকা জেলা ও অন্যান্য দ্রব্য দেশের সর্বত্র
৩২, ৩৩	মাটির হাড়ি ভাঙ্গা মোজাইক ফ্রেম	মাটির হাড়ি ভাঙ্গা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৩৪, ৩৫	জরি ফিতার নকশী ফ্রেম	জরির ফিতা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র

LIST OF CRAFTS FRAME

Sl.	Name	Material used	Material area
1.1.3	Tamarind seeds frame	Wood, Hard board, pati (mat) & Nakshi Kantha	All the regions of Bangladesh
4-5 & 6	Jute rope frame	Jute rope, wood, hard board, pati and Nakshi Kantha	All the regions of Bangladesh
7, 8	Broken shell mosaic frame	Broken shell, wood, Hard board, pati and Nakshi Kantha	All the regions of Bangladesh
9, 10, 11, 12	Cane Mat designed frame	Cane, wood, hard board, pati and Nakshi Kantha	All the regions of Bangladesh, Specially in Sylhet region
13	Coconut Bark frame	Coconut tree Bark, Hard board, Pati and Nakshi Kantha	Everywhere in Bangladesh (specially in coastal area)
14, 15, 16, 17 & 18	Jute stick frame	Jute stick, wood, Hard board, Pati and Nakshi Kantha	All the regions of Bangladesh. Specially in Comilla, Noakhali, Dhaka, Mymensingh area
19, 20, 21, 22	Bamboo Chatai frame	Bamboo Chatai, Pati, wood, Hard board, Nakshi Kantha	All the regions of Bangladesh. Specially in Chittagong Hill Tracts
23, 24	Bamboo wafer frame	Bamboo, wood, Hard board, Nakshi Kantha	All the regions of Bangladesh. Specially in Chittagong Hill tracts and Sylhet area
25, 26	Spangle on foil frame	Foil, Wood, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
27, 28, 29, 30, 31	Jamdani frame	Jamdani Saree, Pati, Hard board, Nakshi Kantha	Jamdani Saree from Dhaka, pati and other materials all over Bangladesh
32, 33	Broken earthen pot pieces frame	Broken Earthen pot pieces, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
34, 35	Gold or Silver thread frame	Gold or silver thread, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.

৩৬, ৩৭, ৩৮ ও ৩৯	সাদা চট ফ্রেম	সাদা চট, হার্ডবোর্ড, কাঠ, পাটি ও নকশী কাঁথা	পাটকল সংস্থায় এবং বাকী দ্রব্য বাংলাদেশের সর্বত্র
৪০	প্লাস্টিক স্ট্র ফ্রেম	প্লাস্টিক স্ট্র, হার্ডবোর্ড, কাঠ, কাঠি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৪১, ৪২	নুড়ি পাথরের ফ্রেম	নুড়ি পাথর, কাঠ, পাটি, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	পাথর সিলেট জেলার বাকী দ্রব্য বাংলাদেশের সর্বত্র
৪৩, ৪৪	বাঁশের চটা ফ্রেম	বাঁশের চটা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র তবে পার্বত্য চট্টগ্রাম, সিলেটে বেশী পাওয়া যায়
৪৫, ৪৬	বাঁশের চটা পাটের নকশা ফ্রেম	বাঁশের চটা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১ ও ৫২	চীনা মাটির পাত্রভাঙ্গা মোজাইক ফ্রেম	চীনা মাটির পাত্র ভাঙ্গা, কাঠ, পাটি হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৫৩, ৫৪	জরি সূতার ফ্রেম	জরি সূতা, কাঠ, হার্ডবোর্ড পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯ ও ৬০	কাঠের রান্দার সরু আঁশ ফ্রেম	রান্দা করা কাঠের আঁশ পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৬১, ৬২, ৬৩, ৬৪ ও ৬৫	কাঠের রান্দার গোল নকশা ফ্রেম	কাঠের রান্দা করার পর ফেলে দেয়া আঁশ, কাঠ হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৬৬, ৭৭	গ্রামীন চেকের ফ্রেম	গ্রামীন চেকের কাপড়, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৬৮	ম্যাচ বাস্ক ফ্রেম	পরিত্যক্ত ম্যাচ বাস্কের অংশ, কাঠ, হার্ডবোর্ড, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৬৯ ও ৭০	পারটেক্স কাটা, নকশী ফ্রেম	পারটেক্স এর অংশ, কাঠ হার্ডবোর্ড, পাটি, নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৭১	কাগজের মণ্ড ফ্রেম	কাগজের মণ্ড, কাঠ হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৭২	সূতার পাখার নকশী ফ্রেম	রঙ্গীন সূতা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৭৩	কুল বিচি ফ্রেম	কুলবিচি, কাঠ, হার্ডবোর্ড পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৭৪, ৭৫, ৭৬, ৭৭ ও ৭৮	হোগলা ফ্রেম	হোগলা, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৭৯ ও ৮০	হোগলা ও কঞ্চি ফ্রেম	হোগলা, বাঁশের কঞ্চি, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র

36, 37, 38, 39	White Jute frame	White jute, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
40	Plastic Straw	Plastic straw, Hard board, wood, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
41, 42	Pebble frame	Pebble, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh. Pebbles in Sylhet.
43, 44	Bamboo stick	Bamboo Stick, Hard board, wood, Nakshi Kantha, Pati	All the regions of Bangladesh.
45, 46	Bamboo stick with jute design frame	Bamboo, jute, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
47, 48, 49, 50, 51, 52	Porcelain, Mosaic frame	Broken porcelain pieces, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
53, 54	Metal thread frame	Metal thread frame wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
55, 56, 57, 58, 59, 60, 61, 62, 63, 64, 65	Wood frame	Waste wood, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
66, 67	Grameen check frame	Grameen check, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
68	Match Box frame	Waste Match Box, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
69, 70	Partex frame	Waste Partex pieces, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
71	Papier Mache frame	Paper Mache, wood, Hard board, Pati, Nakshi kantha	All the regions of Bangladesh.
72	Coloured thread frame	Coloured cotton thread, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
73	Fruit seed frame	Fruit seed, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.

৮১, ৮২, ৮৩ ও ৮৪	নকশী কাগজ ফ্রেম	নকশী কাগজ, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৮৫ ও ৮৬	কাঁচ ভাঙ্গা মোজাইক ফ্রেম	কাঁচ ভাঙ্গা টুকরা কাঠ, হার্ডবোর্ড পাটি ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৮৭	প্লাস্টার অব প্যারিস ও রং ফ্রেম	প্লাস্টার অব প্যারিস এনামেল কালার	বাংলাদেশের সর্বত্র
৮৮ ও ৮৯	নকশী পাটি ফ্রেম	পাটি, কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র সিলেট ও বরিশালে পাটি বেশী পাওয়া যায়
৯০	পাটি পাখা ফ্রেম	তাল পাখার টুকরা পাটি কাঠ, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৯১	কৃত্রিম শোলার দানার ফ্রেম	শোলার দানা, কাঠ, পাটি, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৯২	নকশী কাগজ ব্লক ফ্রেম	নকশী কাগজ, কর্কশীট পাটি, কাঠ, হার্ডবোর্ড নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৯৩, ৯৪, ৯৫, ৯৬ ও ৯৭	লোকজ নকশা ফ্রেম	হাতে আঁকা নকশা কাঠ, পাটি, হার্ডবোর্ড ও শীতল পাটি	বাংলাদেশের সর্বত্র
৯৮	বাঁশের চীক ডিজাইন ফ্রেম	বাঁশ, কাঠ, পাটি, হার্ডবোর্ড নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
৯৯, ১০০ ও ১০১	পোড়া মাটির পাত্র ভাঙ্গা মোজাইক ফ্রেম	পোড়া মাটির পাত্র ভাঙ্গা কাঠ, পাটি, হার্ডবোর্ড ও নকশী কাঁথা	বাংলাদেশের সর্বত্র
১০২	জামদানী শাড়ীর কাপড়ের নকশা ফ্রেম	জামদানী কাপড়, কাঠ, হার্ডবোর্ড, পাটি ও নকশী কাঁথা	ঢাকা

74, 75, 76, 77, 78	Grass frame	Grass (Hogla) wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
79, 80	Grass and Bamboo stick frame	Grass (Hogla) Bamboo Board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
81, 82, 83, 84	Paper frame	Designed Paper, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
85, 86	Glass frame	Boriken glass pieces, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
87	Plaster of Paris frame	Plaster of Paris, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
88, 89	Nakshi Pati frame	Nakshi pati, wood, Hard board, Nakshi Kantha	All the regions of Bangladesh.
90	Pati and fan frame	Tal leaves, Pati wood, Hard board Nakshi Kantha	All the regions of Bangladesh.
91	Cork frame	Artificial cork, wood, Hard board, Nakshi Kantha, Pati	All the regions of Bangladesh.
92	Paper Block frame	Paper block, Pati, Wood, Hard board, Nakshi Kantha	All the regions of Bangladesh.
93, 94, 95, 96, 97	Folk design frame	Wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
98	Bamboo Frame	Bamboo, Wood, Pati, Hard board, Nakshi Kantha	All the regions of Bangladesh.
99, 100, 101	Earthen Pot Mosaic frame	Broken pieces of earthen Pot, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh.
102	Jamdani Border frame	Jamdani Saree border, wood, Hard board, Pati, Nakshi Kantha	All the regions of Bangladesh. Jam dani from Dhaka.

কারুণ্যময় ফ্রেম : বাংলাদেশের ঐতিহ্যময় কারুশিল্পের এক নতুন উদ্ভাবিত সংযোজন।

সৈয়দ মাহবুব আলম

আমের শিল্পী ও কারিগর তার চার পাশের চেনা প্রকৃতির সঙ্গে একাত্ম হয়ে জীবন যাপনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে প্রাকৃতিক পরিবেশজাত উপকরণ দিয়ে বা উপকরণের প্রভাবে লোক ও কারুশিল্প সৃষ্টি করে থাকে। লোক ও কারুশিল্পীর সৃষ্টি রূপ পরিগ্রহ করে নানা আকারে, গড়নে ও নকশায়। প্রকৃতি ও পরিবেশের প্রত্যক্ষ অবদান লোক ও কারুশিল্প। এভাবেও বলা যায়, লোক ও কারুশিল্পের রূপ ও নকশা নির্মাণের চিত্রকল্প, লোকশিল্পী গ্রহণ করে প্রকৃতি ও প্রাকৃতিক পরিবেশ থেকে। প্রকৃতির সকল উপকরণ থেকে। ফলে প্রকৃতি ও পরিবেশে জীবনযাপনকারী মানুষ অনিবার্যভাবে লোক ও কারুশিল্প সৃষ্টিতে প্রকৃতি ও পরিবেশের সকল উপকরণের স্বাভাবিক বৈশিষ্ট্য, গুণ, নমনীয়তা, বর্ণাঢ্যতা, উপরিতলের বুনটগুণ, স্বচ্ছতা, পিচ্ছিলগুণ ইত্যাদিকে প্রত্যক্ষ করেছে, ঘনিষ্ঠ হয়েছে। এর ক্রিয়া ও প্রতিক্রিয়া সম্পর্কে সম্যক অভিজ্ঞতা লাভ করেছে। সবই জীবনের সংগ্রামে বেঁচে থাকার তাগিদে, প্রয়োজনে। হাত ও হাতিয়ারের সম্মিলনে প্রাকৃতিক পরিবেশের উপকরণকে ব্যবহার করে জীবনের প্রয়োজনে উপযোগিতার নিরীখে মানুষ নানা আকার, গড়নের বস্তু সৃষ্টি করেছে। বস্তুতে নকশা, গড়নে বৈশিষ্ট্য, রূপ এনেছে। সৃষ্টি হয়েছে লোক ও কারুশিল্প।

লোক ও কারুশিল্পের প্রয়োজনীয় উপকরণ যেমন প্রকৃতি ও পরিবেশ নির্ভর তেমনি এর আকার, গড়ন, নকশা এবং উপরিতলের বৈশিষ্ট্য সৃষ্টিতে অনুসৃত হয়েছে প্রকৃতির অবাধ অফুরন্ত উপকরণের গড়ন, বৈশিষ্ট্য ও নকশাকে কেন্দ্র করে। প্রকৃতি ও পরিবেশ হচ্ছে মৌলিক গড়ন ও নকশার রূপকার, সূতিকাগার-ভাণ্ডার। প্রকৃতির উপকরণ ও উপকরণের নকশার চয়ন এবং লোকশিল্প, কারুশিল্প তৈরীতে এর অনিবার্য

Crafts Frame : A newly developed addition to folk heritage of Bangladesh

Syed Mahbub Alam

Artisan and craftsmen of rural Bangladesh earn their livelihood by making folk objects from materials obtained from flora around them. Their artistic and creative temperament is reflected in the variety of designs, different forms and materials with which they work.

As most of the readily available and cheap materials are obtained from nature, it is therefore, quite obvious that environment plays a vital role in their creative artistic works. Nature being a great teacher, the artists naturally draw their inspiration from the various locally available materials for the expression of their artistic sensibilities and characteristics, pertaining to natural designs and forms.

In fact common folk materials be it a clay pot, a Nakshi Kantha, a wooden toy is symbolic of their traditional craftsmanship, practised through the ages. In doing so, these craftsmen were not only great task masters but also past masters for they determined the form, idiom, texture, aesthetic

প্রয়োজন, ব্যবহারের তাগিদ, পরিবেশে মানুষের জীবন যাপন-সাংস্কৃতি ধারায় নিহিত। আমাদের দেশের লোক ও কারুশিল্পীগণও অনুরূপভাবে প্রতিনিয়ত ঐতিহ্যের অনুশীলনে কৌশল ও দক্ষতার সাহায্যে নানা উদ্ভাবনীর মধ্য দিয়ে উপকরণের বিচিত্র গড়ন, আকার, রং এবং উপকরণের বহিষ্টি, উপরের স্তরের, তলের চেহারা, চরিত্র ও বুনটের বৈশিষ্ট্যকে তাদের তৈরী লোকশিল্প, কারুশিল্পে ব্যবহার করে চলেছে প্রতিনিয়ত। এবং প্রকৃতির উপকরণ, উপাদানের অনিবার্য নকশা গুণকে লোকশিল্প, কারুশিল্পে ব্যবহার করে ধারণ করতে সক্ষম হয় শৈল্পিক নমনীয়তা ও মৃদুতার গুণ।

গ্রামের সাধারণ মানুষের সাংস্কৃতিক ফসল লোক ও কারুশিল্প। ফলে গ্রামের সাধারণ মানুষের জীবনের বৈশিষ্ট্যের মতই লোক ও কারুশিল্প সচল, প্রবহমান, ক্রমপুঞ্জিত ধারায় ধারাবাহিক। প্রতিনিয়ত সাংস্কৃতিক সঙ্গীকরণ (acculturation) ও পরিব্যাপ্তিকরণ (diffusion) প্রক্রিয়ার ধারায় সৃষ্টির নতুন নতুন পথ পায়, রূপান্তরিত হয়। প্রতিনিয়ত রূপান্তরের প্রক্রিয়ায় লোক ও কারুশিল্প সচল, আগামী দিনের জন্য টিকে থাকার সম্ভাবনার গুণকে ধারণ করে আছে। মূল বৈশিষ্ট্যের রূপরেখা, কাঠামোসাধারণ বৈশিষ্ট্যের ধারায় লোক ও কারুশিল্প আবহমানকালের ঐতিহ্যকে যেমন ধারণ করে আছে, তেমনি আজকের প্রয়োজনে টিকে থাকার জন্য সূক্ষ্ম ধারাবাহিকতা বজায় রেখে রূপান্তরিত হয়ে চলেছে। আর আগামী দিনেও টিকে থাকতে আজকের প্রেক্ষাপটে রূপান্তরের জন্য প্রস্তুত করছে। আর্থ-সামাজিক-সাংস্কৃতিক কারণ ও প্রয়োজনে এই রূপান্তর। এই শক্তি, সম্ভাবনা লোক ও কারুশিল্প এবং কারুশিল্পীর মধ্যে যুগপৎ ক্রিয়াশীল। রূপান্তরের প্রক্রিয়ার মধ্যে লোক ও কারুশিল্পের প্রবহমানতা, চিরায়তগুণ সকল কালের মানুষকে মোহিত অনুপ্রাণিত এবং একান্ত করে।

লোক ও কারুশিল্প সাংস্কৃতিক, জাতিতাত্ত্বিক বলেই এর রূপান্তরের প্রক্রিয়া সাংস্কৃতিক

quality and three-dimensional effects. These are done not merely to earn their livelihood but also to explore their inborn artistic creativity. In many cases these skilled craftsmen forge ahead with new ideas and thoughts, experimenting with new materials. In doing so these humble and unsophisticated village craftsmen try to build up an invisible link between the past and the present and paved the way for further future development.

Basically the village craftsmen are born and bred in rural atmosphere and as such the artistic qualities of their work are inherently reflected in folk materials with which they have been traditionally working for ages. It is therefore obvious that they are cut off from the main stream of urban and articulated art forms. These skilled village craftsmen have succeeded in developing a kind of art form, which is highly decorative in nature. In their works they portray the society with its typical folk art and culture in all its pristine simplicity. It must be remembered that folk art is not only the outgrowth of highly industrialized society or highly sophisticated academic, on the contrary the folk materials are the product of different

রূপান্তরের অনুরূপ। এই রূপান্তরের প্রেক্ষিত, কারণ আর্থ-সামাজিক-সাংস্কৃতিক। লোক ও কারুশিল্প এই প্রেক্ষিতে রূপান্তরের প্রক্রিয়ায় রূপে, গড়নে, বৈশিষ্ট্যে প্রতিনিয়ত বৈচিত্রকে আহবান জানায়। নতুন নতুন রূপান্তরিত সাজে কালিক ব্যবধানে আত্মপ্রকাশ করে। লোকমনের, সমাজ পরিবেশের দৃষ্টিভঙ্গী অনুযায়ী চাহিদা মেটাতে লোক কারুশিল্পী তার সৃষ্টি লোক ও কারুশিল্পে চিরায়ত প্রাকৃতিক উপকরণ, কৌশল, দক্ষতাকে কাজে লাগিয়ে উদ্ভাবনীগুণের প্রকাশ হিসেবে ঐতিহ্যের লোকজ গড়নে নবনব সাজে, রং এ বৈচিত্র আনেন। মূলতঃ লোকশিল্প, কারুশিল্পের বৈশিষ্ট্যে সাধারণ নমনীয়তা, মানিয়ে নেয়ার গুণ কারুশিল্পকে চলমান করেছে।

রূপান্তরের ধারায় পুনরুজ্জীবন। কারুশিল্পের ক্রমবিকাশের ইতিহাস রূপান্তরের ধারাবাহিকতায় পুনরুজ্জীবনের ইতিহাস। বিশ্বের সকল দেশে লোক ও কারুশিল্পকে স্বপ্নের, মর্যাদার, জাতীয় পরিচয়ের, ঐতিহ্যের বলে চিহ্নিত করা হয়েছে। কারণ ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে শিল্প বিপ্লবের প্রত্যক্ষ প্রভাব ঐতিহ্যগত গ্রামীন কৃষিজীবী সমাজের লোক ও কারুশিল্পের দ্রুত মর্যাদাহানী, অধোপতনের কারণ বলে বিবেচিত হয়। এবং এই অবস্থার প্রেক্ষিতেই ইউরোপের ফোকলোরিস্ট, জাতিতত্ত্ব বিশেষজ্ঞগণ গ্রামীন লোক ও কারুশিল্প সম্পূর্ণ অবলুপ্ত, নিশ্চিহ্ন হওয়া থেকে বাঁচাতে যতদূর সম্ভব নিদর্শন সংগ্রহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছিলেন, লোকশিল্প যাদুঘর, কারুশিল্প যাদুঘর, শিল্পগ্রাম, খোলা যাদুঘর, কৃষিযাদুঘর স্থাপন করা হয়েছিল। উদ্দেশ্য ছিল লোকজ ঐতিহ্যের ধারা-লোক ও কারুশিল্পের ঐতিহ্যকে অব্যাহত রাখার নিশ্চয়তা বিধান। এ প্রসঙ্গে সুইডেন, ডেনমার্ক, মেক্সিকো এবং জাপানের পৃথক পৃথক অভিজ্ঞতা বিশেষ প্রণিধানযোগ্য। এসব দেশে লোক কারুশিল্প-কারুশিল্পের ঐতিহ্যিক পণ্যকে বিশ্ববাজারের উপযোগী করে উৎপাদন প্রক্রিয়াকে চেলে সাজিয়েছে, পুনর্বিন্যস্ত করেছে। ফলে এসব দেশে লোক ও কারুশিল্প যেমন অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে মূল্যবান সম্পদে পরিণত হয়েছে তেমনি

historical perspective and social infrastructures. It represents a kind of reality which is not to be found in modern art. Folk art is the product of folk tradition and collective experience, combined with both aesthetic and utilitarian values. The folk artists do create great objects which are not static in form or artistic qualities but these some time represent transformation from the present to the future. Though they betray folk beliefs, mysteries, and traditional skill, yet they represent an art form which is basically rooted in the soil.

The study of folk arts and crafts from the standpoint of anthropology is quite interesting for long before the industrial age men and women folk used to make domestic utensil, home made objects with natural materials, reflecting their typical nuance, form, texture, dimensional effects, flexibility, suavity, unsophisticated flair for ingenuity. This domestic, rural and hand made skill of making folk objects has been handed over from generation to generation. This transition leads not only to transformation but also to distinctive revivalism in art, for example pottery, needle work, basketry etc. Each nation boasts of its folk and traditional cultural heritage. But with the emergence

জাতীয় ঐতিহ্য, গৌরব ও মর্যাদার প্রতীকও বটে। লোক ও কারুশিল্পের ক্ষেত্রে এসব দেশের গৃহীত পদক্ষেপ ও সাফল্যের অভিজ্ঞতা কারুশিল্পের পুনরুজ্জীবনের সার্থকতার কথাই স্মরণ করিয়ে দেয়। ঐতিহ্যের কারুশিল্পের পুনরুজ্জীবন প্রসঙ্গে জার্মান কারুশিল্প বিশেষজ্ঞের মতামত উল্লেখের দাবী রাখে। "In the course of thousand years the exponents of fine craftsmanship in Germany have continually adapted themselves to economic, technological and social change without abandoning the essential ingredients of their tradition : artistic conception and masterly execution of works of craftsmanship."

"The craftsmen were not content merely to perpetuate traditional folk art or to copy exemplary products of bygone ages. They continued to assess critically what had been handed down to them and to set their own creative stamp on it."^২

উল্লিখিত দেশসমূহের সাফল্যের অভিজ্ঞতা গত তিন দশকে এশিয়া ইউরোপের আরো বহুদেশকে অনুপ্রাণিত করেছে। ফলে থাইল্যান্ড, চীন, ভারত, ইন্দোনেশিয়া, আমেরিকা, কোরিয়া, মালয়েশিয়া অনুরূপভাবে লোক ও কারুশিল্পের চাহিদাকে বিশ্ববাজারে প্রসারিত করতে রূপান্তরের ধারায় কারুশিল্পের পুনরুজ্জীবন ঘটিয়েছে। লোক ও কারুশিল্পের সনাতন, ঐতিহ্যের পৃষ্ঠপোষক গ্রামীণ লোক সমাজ তো রয়েছেই, সেই সংগে বিজ্ঞান, আধুনিকতা, প্রযুক্তির কল্যাণে স্বাদেশিকতার সংকীর্ণতামুক্ত বিশ্বনাগরিক কসমোপলিটন মানুষের চাহিদাকেন্দ্রিক বিশ্ববাজার যুক্ত হয়েছে।

স্মর্তব্য যে, ঐতিহ্যের কারুশিল্পের ধারা ও কৌশল আধুনিক শিল্প পণ্য উৎপাদনের ভিত্তি। ইণ্ডাস্ট্রিয়াল ডিজাইনের ভিত্তিই হচ্ছে ঐতিহ্যের লোক ও কারুশিল্পের ধারা। অর্থাৎ লোক ও কারুশিল্পের ঐতিহ্যের স্থানটি ইউরোপের শিল্পবিপ্লবের পর আধুনিক শিল্প উৎপাদন-পণ্যের নিয়ন্ত্রণে চলে যেতে থাকে। বোধকরি একথা

of industrial revolution in the 19th century folk arts and crafts started losing its age old traditional values.

Realising this crisis European anthropologists and folklorist undertook a movement to rescue the folk art by opening folk museums, crafts village, open air museum etc. Those countries which made pioneering efforts to preserve folk art objects are Scandinavian countries (Sweden and Norway), Mexico, Denmark and Japan. In doing so these countries not only preserve the age old skill and traditional forms of folk art but also exploited these for commercial purpose¹. This was an income generating process on the one hand and popularising old folk artistic values which were about to be obliterated on the otherhand. In this context I may quote.

"In the course of thousand years the exponents of fine craftsmanship in Germany have continually adapted themselves to economic, technological and social change without abandoning the essential ingredients of their tradition : artistic conception and masterly execution of works of craftsmanship."

"The craftsmen were not content merely to perpetuate traditional folk art or to copy

বলে কোন অতুষ্টি হবে না যে, আধুনিক শিল্প পণ্যের পূর্বধারা হচ্ছে লোক ও কারুশিল্প। পৃথিবীর শিল্প উন্নত দেশগুলোতে লোক ও কারুশিল্পের রূপান্তর প্রক্রিয়ার আধুনিক শিল্প পণ্যের গড়নে, নকশায়, রং এ প্রত্যক্ষ করা যায়। তবে আর্থ-সামাজিক-সাংস্কৃতিক এবং রাজনৈতিক ইতিহাসের প্রেক্ষিতে বিশ্বের প্রতিটি দেশে এ রূপান্তরের প্রক্রিয়া ভিন্ন ও স্বাতন্ত্র্যের দাবীদার। কোথাও এই প্রেক্ষিতে রূপান্তরের প্রক্রিয়া সক্রিয়, বেগবান, কোথাও বেগবান নয়। কিন্তু তাই বলে জড়, মৃত, প্রাণহীন নয় কোন না কোনভাবে রূপান্তরের প্রক্রিয়ায় লোকশিল্প, কারুশিল্প সূক্ষ্ম রূপান্তরিত হয়ে চলছে। এমনকি ক্ষীণ ধারাকে অব্যাহত রেখেছে।

বাংলাদেশের লোক ও কারুশিল্পও এদেশের প্রকৃতি পরিবেশ ও সংস্কৃতি কেন্দ্রিক। সংস্কৃতির গতিময়তা, চলমান গতিধারার মত এদেশের লোকশিল্প। লোক ও কারুশিল্প সাংস্কৃতিক ঐতিহ্যের ধারায় লোকমনের চাহিদা, রুচির সংগে তাল মিলিয়ে এবং আধুনিক বিশ্ববাজারের চাহিদার নিরীখে সময়, কালের ব্যবধানে ক্রমাগত সূক্ষ্ম রূপান্তর প্রক্রিয়ায়, চলমান, সক্রিয় থাকার শক্তি ও সম্ভাবনাকে ধারণ করে আছে। প্রতিনিয়ত বিচিত্র ধারায় রূপান্তরের প্রক্রিয়ায় লোক ও কারুশিল্পের পুনরুজ্জীবন হয়ে চলেছে।

বাংলাদেশের লোক ও কারুশিল্প বৈশিষ্ট্য, স্বাতন্ত্র্য লাভ করেছে এদেশের প্রকৃতি, পরিবেশের বৈশিষ্ট্যময় উপকরণের ও কারুশিল্পীর বংশ পরম্পরায়ের কৌশল ও দক্ষতার গুণে। এ বৈশিষ্ট্য বাংলাদেশের। এ দেশের সংস্কৃতির। এদেশের প্রকৃতি ও পরিবেশের অন্তর্ভুক্ত উপকরণ গাছপালা, মাটি, ফল, ফুল বীজ, আঁশ ইত্যাদির স্বাভাবিক বৈশিষ্ট্য, গুণ, নমনীয়তা, বর্ণাঢ্যতা, উপরিতলের বুনটগুণ, স্বচ্ছতা, পিচ্ছিলগুণ বাংলাদেশের লোক ও কারুশিল্পকে বৈশিষ্ট্য, স্বাতন্ত্র্যের মর্যাদা দিয়েছে।

পৃথিবীর সকল দেশেই আধুনিক জীবন যাপনের সংগে লোকশিল্পের নানা জিনিস, পণ্যের সম্মিলন ঘটেছে। এখন লোক ও কারুশিল্প কেবল গ্রামের লোক সমাজেই সীমাবদ্ধ নয়। এখন লোক ও কারুশিল্পের নানা জিনিস, পণ্য আধুনিক

exemplary products of bygone ages. They continued to assess critically what had been handed down to them and to set their own creative stamp on it.”²

Following the examples of these countries many more nations like U.S.A, Ireland, China, Korea, Indonesia, Malaysia tried to revive their traditional art forms to make them exportable goods, inspite of the tremendous contest provided by industrial products these countries have succeeded in retaining the old craftsmanship which is so native to the soil.³

Looking back to our country it would be found that the tradition of folk arts and crafts of Bangladesh is not only rich and spontaneous but also reflect the distinctive taste and naturalism engrained so deeply in Bengalis way of life and culture.

The scenario presented in the rural arts and crafts of Bangladesh is in no way different from those of the other countries. But Bangladesh being a riverine country, surrounded by dense flora and fauna inhabited mostly by peasants and rural people, village arts and crafts took a totally indigenous art form. There is no doubt that these art forms maintain distinctive art forms.

জীবনযাপনের সংগে সম্পৃক্ত হয়েছে। লোক কারুশিল্পের পণ্যে যে উপকরণ, কাঁচামালের বৈশিষ্ট্য এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্য রয়েছে আধুনিক জীবন যাত্রার প্রয়োজনীয় নানা পণ্যে তা আরোপ করার প্রয়াস লক্ষ্যণীয়। যেমন মাটি, বাঁশ, বেত, কাঠের লোকশিল্পের বৈশিষ্ট্যকে বহুদেশে ঐতিহ্যের লোকশিল্পের পাশাপাশি আধুনিক জীবনের নানা প্রয়োজনীয় জিনিস তৈরীতে প্রয়োগ করা হয়েছে। যেমন ফুলদানি, ছাইদানি, ট্রে ইত্যাদি। এসব জিনিস আধুনিক জীবনের অথচ তৈরী হয়েছে, বৈশিষ্ট্য আরোপিত হয়েছে লোকশিল্পের উপকরণ, কাচামালের গড়ন, মৃদয়তার গুণ ইত্যাদি। এ ব্যাপারে, সুইডেন, জার্মানী, জাপান, চীন, থাইল্যান্ড, ভারত, মেক্সিকোর অভিজ্ঞতা বিবেচনার দাবী রাখে।

এ প্রসঙ্গে জার্মান পণ্ডিত ভিক্টর জেলজাঁরের উক্তি বিশেষ প্রাধান্যযোগ্য। "Folk art has never been a static, unchanging medium. It has certainly been marked by development, individual peaks of achievement, spontaneity of invention and above all, by many a change. For instance, the colourful technique of slip decoration was never a part of Bavarian folk art but today at Oberammergan for example, attractive painted ware decorated with entirely local motifs is executed in this fashion."^৪ লোক ও কারুশিল্পের দেশীয় বৈশিষ্ট্য, ঐতিহ্যকে আধুনিক জীবনের প্রয়োজনীয় পণ্য তৈরীতে ব্যবহার করে লোক ও কারুশিল্পের সম্ভাবনা এবং রূপান্তরের প্রক্রিয়ায় পুনরুজ্জীবনের পথকে সুগম করেছে। লোক ও কারুশিল্পের লোকজ ঐতিহ্য লোকসমাজের লোকমনের চাহিদার সীমাবদ্ধতা থেকে রূপান্তরের প্রক্রিয়ায় আধুনিক জীবনের চাহিদার নিরীখে পুনরুজ্জীবিত হচ্ছে। এই প্রেক্ষিতে বিশ্বের সকল দেশেই লোক ও কারুশিল্পের ঐতিহ্যের ধারা এবং রূপান্তরিত আধুনিক জীবনের প্রয়োজনের পণ্যকেন্দ্রিক লোকশিল্প, কারুশিল্প যুগপৎ তৈরী হচ্ছে। ঐতিহ্যগত ও আধুনিক জীবনের প্রয়োজন,

The abundance of folk materials all over Bangladesh, clay, wood, pith, bamboo, bark of trees, leaves, seed of fruits, reeds etc have added a new dimension to the folk art as they provide wide scope for the village craftsmen to experiment with. As a matter of fact rural arts and crafts are produced, either by individuals or in guild, which unlike the commercially motivated urban guilds or corporates tried to assimilate the artistic ethos of the unlettered village craftsmen. The traditional objects and artifacts produced by them not only demonstrate their natural talent and rational approach to creative art but also betray comprehensive team spirit. These objects are often commercially viable as they provide their sources of livelihood. Even today many industrially advanced countries like Japan, Germany, China, Sweden, Thailand, India, Mexico make folk objects as exportable commodities. In this connection we may quote from German scholar Victor Zelzer.

"Folk art has never been a static, unchanging medium. It has certainly been marked by development, individual peaks of achievement, spontaneity of invention and above all, by many a change. For instance, the colourful technique of slip

উপযোগিতা লোক ও কারুশিল্পের বহুমাত্রিক ভূমিকা এর রূপান্তরের বৈশিষ্ট্য, গুণের সম্ভাবনার কথাই স্বরণ করিয়ে দেয়। ফলে লোক ও কারুশিল্প সময়ের, কালের ব্যবধানে রূপান্তর প্রক্রিয়ায় প্রতিনিয়ত পুনরুজ্জীবিত হচ্ছে।

বাংলাদেশেও এর ব্যতিক্রম ঘটেনি। বাংলাদেশের লোক ও কারুশিল্পও অনুরূপ রূপান্তর প্রক্রিয়ায় পুনরুজ্জীবিত হচ্ছে। বাংলাদেশেও স্বাধীনতা লাভের পর জাতীয় ঐতিহ্য, গৌরব ও মর্যাদার উজ্জীবনে সাংস্কৃতিক ঐতিহ্য-লোক ও কারুশিল্পের সংগ্রহ, সংরক্ষণ ও পুনরুজ্জীবন উদ্যোগ, কার্যক্রম বিশেষ গুরুত্ব পায়। জাতীয় পর্যায়ে লোক ও কারুশিল্পের ঐতিহ্যের সংরক্ষণ ও পুনরুজ্জীবনে সচেতন প্রয়াস চলে। সংগ্রহ ও সংরক্ষণে লোক ও কারুশিল্প যাদুঘরের মত বিশেষ যাদুঘর প্রতিষ্ঠা করা হয়। অন্যান্যযাদুঘরে কারুশিল্পের ঐতিহ্যের নিদর্শনাদি সংগ্রহে আগ্রহ বৃদ্ধি পায়। এবং বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও লোক ও কারুশিল্প-কারুশিল্পের ঐতিহ্যিক পণ্যকে বিশ্ববাজারের উপযোগী করে উৎপাদন প্রক্রিয়াকে টেলে সাজিয়ে পুনর্নি্যাস্ত করার প্রয়াস ও উদ্যোগ চলে। উদাহরণ স্বরূপ বাংলাদেশের বেসরকারী সংস্থা, কারুশিল্পের উৎপাদক-বাণিজ্যিক সংস্থাসমূহ অন্যান্য দেশের অভিজ্ঞতার প্রমাণ, যুক্তি প্রভৃতি দ্বারা এই মর্মে দৃঢ় প্রত্যয়ী হয় যে, বাংলাদেশের ঝামের সাধারণ কারুশিল্পীদের তৈরী লোক ও কারুশিল্পের ঐতিহ্যের গড়নের বৈশিষ্ট্যের ও নকশাকে আধুনিক জনরুচি, চাহিদার আলোকে কারুশিল্পে বৈচিত্র্য আরোপ করা হলে আজকের আধুনিক, পরিবর্তিত রুচি, আবেদন, জীবন যাপন কেন্দ্রিক বাজারে এর চাহিদা রয়েছে। এসব সংস্থাসমূহ উপকরণের গুণগতমান, কারুশিল্প তৈরীর ঐতিহ্যগত দক্ষতা ও নকশার ব্যবহারকে নিশ্চিত করেছে তাদের পরিচালনে, পরিকল্পনায়, ফরমায়েসে তৈরী নতুন কারুশিল্প উৎপাদনে। এ প্রসঙ্গে নকশী কাঁথার পুনরুজ্জীবনের বিষয়টি বিশেষ উল্লেখের দাবী রাখে। এভাবেই ঐতিহ্যের কারুশিল্পের পুনরুজ্জীবন উদ্যোগ, প্রয়াস প্রক্রিয়ায় সৃষ্ট রূপান্তরিত কারুশিল্পের অন্তর্ভুক্ত হয়েছে এখনকার তৈরী নকশী কাঁথা। নকশী কাঁথার ঐতিহ্যে

decoration was never a part of Bavarian folk art but today at Oberammergan for example, attractive painted ware decorated with entirely local motifs is executed in this fashion."⁴

Folk art has been recognized in almost all countries as a living and thriving art form and all attempts are being made to make it not only aesthetically satisfying but also commercially viable. Since independence such trend in the arena of the collection, preservation, display, research and other promotional activities in the form of annual fair, seasonal exhibition, seminars, symposium, publications are being done in Bangladesh.

Realizing its importance Bangladesh Folk Art and Crafts Foundation has been set up at Sonargaon under the direct supervision of Ministry of Cultural Affairs, constant efforts are being made to revive old, trusted, rich traditional crafts⁵ like Nakshi Kantha and to make it a highly prized exportable commodity. Probably no other folk art form impressed foreigners more visibly than the large number of Nakshi Kanchas⁶, done in a bewildering variety of forms and sumptuous colour combination.

Very recently Bangladesh Folk Art and Crafts Foundation started experimenting with very

(সেলাই, মোটিফ, দক্ষতা, কৌশল) উপর নির্ভর করে নতুন পণ্য সৃষ্টি হলো, পোষাক, কুশন কভার, টেবিল ম্যাট, স্টেশনারী দ্রব্য ইত্যাদি। নকশীকাঁথার পুনরুজ্জীবনকেন্দ্রিক এই রূপান্তর ধারণ করে আছে এদেশের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক-জাতিতাত্ত্বিক প্রেক্ষাপট। বাংলাদেশের লোক ও কারুশিল্পের সৃষ্টিতে, রূপান্তরে, পুনরুজ্জীবনে এদেশের প্রকৃতি ও পরিবেশের কাঁচামাল, উপকরণ কারুশিল্পীকে সৃষ্টির প্রেরণা দেয়, উদ্বুদ্ধ করেছে। বৈচিত্রের লোক ও কারুশিল্প কারুশিল্পীর সৃষ্টিতে রূপ লাভ করেছে।

ঐতিহাসিক সোনারগাঁয়ে লোক ও কারুশিল্পের ঐতিহ্যের সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও পুনরুজ্জীবনের লক্ষ্যে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন নিয়োজিত। লোক ও কারুশিল্পের রূপান্তরের মধ্য দিয়ে পুনরুজ্জীবন এই লক্ষ্যে ফাউন্ডেশন বাংলাদেশের প্রকৃতি ও পরিবেশের নানা উপরণ, কাঁচামালকে ব্যবহার করে কারুশিল্প ফ্রেম তৈরীর কর্মসূচী হাতে নিয়েছে। এই কারুশিল্প ফ্রেমের উদ্ভাবক, কারুশিল্প তাত্ত্বিক এবং শিল্পী যথাক্রমে ফাউন্ডেশনের পরিচালক জনাব বজলুর রহমান ভূঁইয়া, উপ-পরিচালক সৈয়দ মাহবুব আলম এবং প্রদর্শন অফিসার জসিম উদ্দিন। এই কারুশিল্প ফ্রেম কারুশিল্পের ও শিল্পীর পুনরুজ্জীবনের লক্ষ্যে এক নব সংযোজন।

কারুশিল্প ফ্রেমের উদ্ভাবনের প্রেক্ষিৎ আধুনিক জীবনের অনুষ্ঙ্গ-আলোকচিত্র, পেইন্টিং, চিত্রগুণের রিলিফ, আয়না ইত্যাদি। সাধারণ ফ্রেম বা কাঠামো যেমন উল্লিখিত আলোকচিত্র, পেইন্টিংকে সৌন্দর্য, গুঞ্জল্য ও গুরুত্ব প্রদানে ব্যবহৃত হয় তেমনি কারুশিল্প ফ্রেমও অনুরূপভাবে ব্যবহারের জন্য এর উদ্ভাবন। সাধারণ আয়তাকার ছবি, চিত্র, আয়নার ফ্রেম কাঠের, ধাতুর চিকন দণ্ড দিয়ে করা হয়। এতে কেবল গ্রাফিক দিক রক্ষা করে একটি ছবির, চিত্রের, উপরে নীচে ও ডানে বাঁয়ে যথাক্রমে সমান্তরাল, দিগন্ত, উল্লম্ব এবং শীর্ষস্থ রেখা সৃষ্টি করে অর্থাৎ ছবির, চিত্রের চারপাশে আয়তাকার রেখা সৃষ্টির মাধ্যমে ফ্রেম তৈরী করা হয়। এতে সাধারণত নকশার গ্রাফিক গুণ রক্ষিত হয় কিন্তু লোকশিল্পের চিরায়ত নকশাগুণ, প্রাস্টিকগুণ এতে থাকে না। কেবল গ্রাফিক

common and readily available material particularly in rural Bangladesh, in making artistically designed crafts frame for Nakshi Kantha and other folk object for display. Compared to the usual steel, wood or other traditionally produced frames, these crafts frames are distinguished by their originality of motifs, judicious choice of materials, suited to the art object. The readily available photo frames to be purchased in the shopping areas never betray the artistic quality, texture, colour combination, dimensional effects and utmost graphic designs which are present in the crafts frame produced at our Folk Art and crafts Foundation.

It will not be an exaggeration to say that Bangladesh Folk Art and Crafts Foundation at Sonargaon has invented a new form of artistically designed crafts frame after years of research and experiment. Ultimately they eminently succeeded in making a breakthrough, adding a completely new dimension in folk art which was hitherto unknown to Bangladesh. In these craft frames artisans used very cheap and readily available materials, displaying their artistry in a harmonious way. These craft frames besides enclosing art objects like

নকশাশুণ সম্পন্ন আধুনিক ফ্রেম ও ছবির সৌন্দর্য, গুরুত্ব, উজ্জ্বল্য, বৃদ্ধির কাজ করে। ফ্রেমের ব্যবহার সারা বিশ্বের আনাচে কানাচে এখন অতি পরিচিত দৃশ্য। আমাদের দেশেও এর ব্যত্যয় ঘটেনি। মূলতঃ কাঠের তৈরী ফ্রেমই আমরা সচরাচর দেখে থাকি।

কারুময় ফ্রেম এক্ষেত্রে নতুন মাত্রা নিয়ে উদ্ভাবিত হয়েছে। এতে বাংলাদেশের প্রকৃতি পরিবেশের বৈশিষ্ট্যময় উপকরণ ও লোক ও কারুশিল্পের ঐতিহ্যের পরিচয়ের সম্মিলন ঘটানো হয়েছে। বলা যায় লোক কারুশিল্পের ইতিহাস, গতি প্রকৃতি ও চাহিদার নিরীখে গবেষণামূলক সচেতন প্রয়াস এই কারুময় ফ্রেম। ঐতিহ্যের লোক ও কারুশিল্পের প্রতিটি নিদর্শন সৃষ্টি ও সৃষ্টির জন্য উপকরণ চয়নের প্রেক্ষিতে যেমন কারুশিল্পীর চারপাশের প্রকৃতি ও পরিবেশ তেমনি কারুময় ফ্রেমের উপকরণ লোক ও কারুশিল্পের প্রাকৃতিক উপকরণ কারুময় ফ্রেম বা কাঠামোর জমিন তৈরীতে অতি সাধারণ উপকরণ শীতল পাটি, মাদুর, হোগলা, ঝিনুক, পাট, বাঁশ, বাঁশের ও বেতের তৈরী নানা ধরনের জালি, বুনন, পাটের দড়ি, শোলা, কাঠের নানা ধরনের গুড়া, পাতলা আবরণ, টুকরা, চুড়িভাঙ্গা, চিনা মাটির বাসন কোসন ভাঙ্গা টুকরা, জামদানী শাড়ীর নকশীপাড়, মৃৎপাত্র ভাঙ্গা টুকরা, বাঁশের কেচকি, তেতুল বীজ, ছোট নুড়িপাথর, নারকেলের ছোবড়া, গাছের বাকল, বাঁশের কণ্ডি, কাগজ, ধান, শন গাছ ইত্যাদি। এসব উপকরণ একান্তই আমাদের দেশের প্রকৃতি ও পরিবেশের। লোকশিল্পের এসব উপকরণের মধ্যে যেমন রয়েছে তৈরী লোক ও কারুশিল্প এবং তেমনি রয়েছে প্রকৃত প্রাকৃতিক কাঁচামালের উপস্থিতি। ফলে কারুময় ফ্রেমে লোক ও কারুশিল্পের বর্ণাঢ্যতা, নকশাশুণ, বুনট বৈশিষ্ট্য এসেছে অবলীলাক্রমে। এবং নকশায় লোক শিল্পের মত গ্রাফিক ও প্লাস্টিকশুণ যুগপৎ সক্রিয় হয়েছে।

বোধকরি বলা যায় আয়াতাকার ছবির, চিত্রের চিত্রশুণ, ভাস্কর্যশুণ, রিলিফশুণ সম্পন্ন কোন কারুশিল্পের চারপাশে সৌন্দর্য, গুরুত্ব, উজ্জ্বল্য বর্ধনকারী চওড়া বর্ণাঢ্য, মুন্নয়তার শুণস্পন্ন ফ্রেম বা কাঠামোই কারুময় ফ্রেম। ছবির চারপাশে অবস্থিত কারুময় ফ্রেম যেন চারটি জমিন। শোভা

Nakshi Kantha, assumed a totally independent form of folk tradition reflecting art and nature at the same time. The artisans displayed their aesthetic taste by judiciously using such materials as jute, yarn, bamboo, hard board, conch shell, pith, wood waste, pieces of bangles, seeds, chini tikri, fired clay, cotton, dried leaves, pebbles noodle, paddy etc. These materials are used to make craft frames as ornate as possible. There is no doubt that these objects are absolutely part and parcel of our folk heritage derived from nature around us.

Artistically arranged folk materials in such craft frame not only create an overall rectangular and sumptuously designed effects but also add depth and dimension to the particular folk objects, say Nakshi Kantha, patachitra, terra-cotta, wood carving, painting etc. which are enclosed in such craft frames.

The technique used by artisans in making these crafts frames is not only quite simple but also original. Take for example, the reproduction of Shilpacharya Zainul Abedin's two women originally measuring 24" x 30" (1955) has been at first set on hard board pasted with *sital pati* mats from Sylhet having three inches

পাছে ছবির উপরে, নীচে, ডানে ও বাঁয়ে অবিল্বিন্, ছুয়ে থাকা জমিন। কারুময় ফ্রেমের চওড়া জমিনের স্পষ্ট দুটি ভাগ একটি প্রান্তসীমায় ও ইঞ্চি চওড়া অপর ভাগ ছবি সংলগ্ন ও ইঞ্চি চওড়া জমিন অর্থাৎ কারুময় ফ্রেম চার দিকে আয়াতাকারে ও ইঞ্চি চওড়া জমিন। ফ্রেমের প্রান্তসীমার জমিনে নানা বৈশিষ্ট্যের, শ্রেণীর লোকশিল্প ও প্রাকৃতিক কাঁচামাল ব্যবহৃত হয়েছে। অপর অংশ মূল ছবি সংলগ্ন চার ধারের জমিনে এ পর্যায়ে কেবল লোকশিল্পের ঐতিহ্যের শীতল পাটি সন্নিবেশিত করা হয়েছে। দুটি জমিন মিলে একটি সাধারণ জমিনের পরিপ্রেক্ষিৎ সৃষ্টি হয়েছে। কারুময় চওড়া ফ্রেমে দুটি সমান্তরাল জমিনের সীমানা নির্ধারিত হয়েছে কাঠের চিকন দণ্ড বসানোর মধ্য দিয়ে। বর্তমান প্রদর্শনীতে প্রদর্শিত ১০০টি কারুময় ফ্রেমের মূল চিত্র, চিত্রগুণ উপাদান হিসেবে ব্যবহৃত হয়েছে বাংলাদেশের নকশী কাঁথা এবং শিল্পাচার্য জয়নুল আবেদিনের পেইন্টিং এর ছাপানো অনুলিপি। কারুময় ফ্রেম বাংলাদেশের ঐতিহ্যের লোকশিল্পের ও কারু শিল্পের উপকরণ-প্রাকৃতিক উপাদানের বুনন বৈশিষ্ট্য, শৈল্পিক কারুকাজ, দক্ষতাকে ধারণ করেছে। নকশীকাঁথার জমিনের নকশা, মোটিফকে উজ্জ্বল, বৈশিষ্ট্যময়, গুরুত্ব, আড়ম্বর প্রদানে কারুময় ফ্রেমের চওড়া জমিনের বর্ণাঢ্যতা, উপরিতলের বুনটগুণ, প্রাকৃতিক স্বচ্ছতা, পিচ্ছিলগুণ অনিবার্যভাবে, স্বাচ্ছন্দে সৌন্দর্যের মাহেল্লকণ সৃষ্টি করেছে।

কারুময় ফ্রেমের চওড়া জমিন বাংলাদেশের গ্রামের অতিপরিচিত দৃশ্য পুকুরের চারধার, জমির চার দিকের আইল, নকশী কাঁথার নকশী চারধার, চারকোনা উঠান, মাটির ঘরের আয়াতাকার দণ্ডায়মানদেয়ালের নকশী চার ধার, নকশী বেড়া, বেলকির চার অলংকৃত ধার, নকশী পাটির নকশী চার ধারের চিত্রকল্পের কথা স্মরণ করায়। এসব চিত্রকল্পের মূল বৈশিষ্ট্যই হচ্ছে নকশাগুণের অনিবার্য বৈশিষ্ট্য সুসামঞ্জস্যতা, প্রতিসাম্যতা, ছন্দময় মাত্রার গুণ ও বৈশিষ্ট্য। সেই সংগে যুক্ত হয়েছে লোক ও কারুশিল্পের বৈশিষ্ট্যের উপরিতলের বুনটগুণ, বর্ণাঢ্যতা, মুম্বয়তা, নমনীয়তা। ফলে কারুময় ফ্রেম নিছক ফ্রেম

border so as to attain a symmetry with the rectangular frame. curiously enough, this distinguished work of art of Shilpacharya is made of uneven particles of conch shell, arranged so artistically as to qualify it as a unique piece of decorative art.

Another attractive experimentation with folk materials such as particles of partex, bamboo, wooden shiefs basketry work, coloured pieces of broken porcelain had made the frames exquisitely colourful. From artistic point of view in many cases wavy lines of thread or use of fruit beads or golden paddy or bamboo sheafs or cane or straw create a great variety of art decor, which has never been found in any other form of art in Bangladesh.

Magnificent decorative motifs such as lozenges, roses, serpentine, floral, geometrical, wavy motifs have been stylized in a befitting manner. One of the finest characteristics of these border designs is that it has not only an originality and vibrant colour but also make a definite contribution in decorative art forms.

These craft frames make a very soothing visual effects and recalls very common sight of rural Bangladesh, such as rectangular shapes of paddy

থাকেনি হয়ে উঠেছে লোক ও কারুশিল্পের ঐতিহ্যের ক্রমপুঞ্জিত ধারায় রূপান্তরের প্রক্রিয়ায় পুনরুজ্জীবিত এক ধারাবাহিক রূপ। ঐতিহ্যের অধিকারী এবং উত্তরাধিকারের শক্তি কারুময় ফ্রেমকে বাংলাদেশের বলে চিহ্নিত করেছে। স্বাভাবিক মর্যাদা পেয়েছে। কারণ বাংলাদেশের লোক ও কারুশিল্পের গুণ, বৈশিষ্ট্য ও প্রাকৃতিক কাঁচামাল কারুময় ফ্রেম তৈরীতে ব্যবহার, প্রয়োগে এদেশের হাজার বছরের কৌশল ও দক্ষতার উপর নির্ভর করা হয়েছে। কাজে লাগানো হয়েছে। কেবল কালিক ব্যবধানে লোক রুচি, জনরুচি, চাহিদার আলোকে কারুময় ফ্রেমের সংযোজন। অনুরূপ পরীক্ষা নিরীক্ষা ইতিপূর্বেই চীন, জাপান ও কোরিয়ায় হয়েছে। ফলে সে সব দেশে ঐতিহ্যের নিরীখে, প্রেক্ষিতে নতুন কারুশিল্প উদ্ভাবন হয়েছে। যেমন ল্যাকার শিল্প। প্রাচীনকালে লোকশিল্পের ঐতিহ্যের নিদর্শন হিসেবে উল্লিখিত দেশে কেবল ছোট বাস্ক, কক্ষের বিভাজন দেয়াল, বড়, ছোট, চ্যাপ্টা গোলাকার পাত অথবা অনুষ্ঠানে ব্যবহারের জন্য দ্রব্যাদি ল্যাকারশিল্পের অন্তর্ভুক্ত ছিল। কালিক ব্যবধানে সাংস্কৃতিক সাক্ষীকরণের (acculturation) ধারায় ঐতিহ্যের ধারাবাহিকতায় রূপান্তরের প্রক্রিয়ায় এখন আধুনিক জীবনের অনুষ্ঙ্গ ছাইদানি, সিগারেট বাস্ক, ছবির ফ্রেম, আধুনিক কলমদানী ল্যাকারশিল্পের অন্তর্ভুক্ত হয়েছে। এবং আন্তর্জাতিক বাজারে এর প্রসার ঘটেছে ঐসব দেশের ঐতিহ্যের ল্যাকারশিল্প হিসেবে। আন্তর্জাতিক বাজারে সেসব দেশের দেশীয় সংস্কৃতির পরিচয় হিসেবে বিকশিত হচ্ছে। এভাবেই লোক ও কারুশিল্পের ঐতিহ্যের রূপান্তর প্রক্রিয়ায় স্থানিক কালিক ব্যবধানে লোক ও কারুশিল্প বিচিত্র ধারায় পুনরুজ্জীবিত হয়েছে। এ ভাবেই জাতীয় থেকে আন্তর্জাতিক বাজারে বিশ্বের সকল দেশের নিজস্ব সংস্কৃতির কারুশিল্প প্রবেশ করেছে।

কারুময় ফ্রেম এক্ষেত্রে বাংলাদেশের লোক ও কারুশিল্পের ঐতিহ্যের প্রেক্ষিতে একটি সুসংহত ও গবেষণামূলক প্রচেষ্টা। এতে বাংলাদেশের লোক ও কারুশিল্পের ঐতিহ্যের বৈশিষ্ট্যের ধারাবাহিকতাকে ধারণ করা হয়েছে। লোক ও কারুশিল্পের ঐতিহ্যের রূপান্তর প্রক্রিয়ার ধারায় পুনরুজ্জীবনে এ এক বাস্তব ও প্রায়োগিক পদক্ষেপ।

field with a's, courtyard of the homestead., the sides of the village ponds, It would not be far-fetched also to draw conclusion that rectangular concept of craft frames might have been inspired from such common sights in rural Bangladesh. The Nakshi par or border design of Nakshi Kantha is almost always rectangular which must have a universal appeal to the skilled craftsmen by making such rectangular frames.

It is therefore ,highly appropriate that Bangladesh Folk Art & Crafts Foundation have succeeded in finding an extra ordinarily attractive forms of decorative art which not only gives visual pleasure but also provide an opportunity to explore the possibilities of using these commodities commercially.

Countries like China, Japan, Korea have already experimented these indigenous forms of folk art with locally available materials like lacquer. Lacquer has been used extensively as a decorative material to make ornamental motifs in vase, ashtray, room divider, photo frames etc.

Thus folk forms has attained international reputation in many countries but unfortunately Bangladesh is

যে কোন চিত্র, চিত্রগুণ জমিন, খোদাই, ভাস্কর্যগুণ সম্পন্ন বেসরিলিফ সৃষ্টিকর্ম এবং কারুময় ফ্রেমের সম্মিলনে যে অপরূপ অথচ সমন্বিত সৃষ্টি চারু-কারুময়, এই সৃষ্টি সত্যি অভিনব। এই সচেতন পরীক্ষা-নিরীক্ষামূলক এবং লোক ও কারুশিল্পের গুণে, বৈশিষ্ট্য সম্পূর্ণ কারুময় ফ্রেম এদেশে এ ধরনের পদক্ষেপ এই প্রথম। সার্বজনীন বৈশিষ্ট্যের কারুময় ফ্রেম আমাদের দেশের শিল্পকলা-কারুশিল্পের ইতিহাসে লোকশিল্পের পুনরুজ্জীবনে নবতর সংযোজন।

এই নব আঙ্গিকের কারুময় ফ্রেমে প্রতিটি শিল্পকর্ম-নকশী কাঁথা, কাঠ খোদাই, আধুনিক শিল্পকর্ম-চিত্র, চিত্রগুণ সম্পন্ন রিলিফ, শিল্পকর্মের অনুলিপি এক অপরূপ রূপে, শৈল্পিক সুষমায়, নমনীয়তায়, মৃন্ময়তার গুণে বৈশিষ্ট্যমণ্ডিত হবে। এ ধরনের কারুময় ফ্রেমের উদ্ভাবন বহুবিধ শৈল্পিক ব্যবহারকে নিশ্চিত করবে। নব প্রজন্মের শিল্পী, কারুশিল্পী, শিল্পবোদ্ধাদের শিল্পবোধ ও শিল্প-চেতনায় নতুন মাত্রা যোগ করতে সহায়ক হবে। লোকশিল্প, কারুশিল্প জনরুচি, চাহিদা মেটাতে সক্ষম হবে। কারুশিল্প ও কারুশিল্পীর পুনরুজ্জীবনে গতি সঞ্চার হবে। সৃষ্টির পথ সুগম হবে। কারুশিল্পের ধারায় সচলগুণ অব্যাহত থাকবে।

lagging behind in the projection and promotion of our rich indigenous folk tradition in a greater perspective. We believe that the newly invented craft frames of Bangladesh Folk Art & Crafts Foundation may play a vital role in not only preserving and presenting this hitherto unknown art form but also enhance the honour and prestige of the country, if these are projected commercially at world fairs by govt agencies.

English version : Dr S. M. Hasan
formerly Executive Director,
Bangladesh Folk Art and Crafts
Foundation.

তথ্যসূত্র :

1. International Encyclopaedia of Social Science.
2. Zentral Verbmand des, Deutschen Handwerk Bonn. The Fine Crafts in the Federal Republic of Germany Bonn 1980.
3. Subrata Banerjee : Bangladesh, National Book Trust New Delhi- 1981. P. 41
4. Victor Zelger : The Fine Crafts in the Federal Republic of Germany P. 41.
5. Syed Mahbub Alam, Folk Art Museum and Crafts Village "Miniature Bangladesh" Bangladesh Folk Art & Crafts Foundation, Sonargaon- 1979.
6. Martha Chen, Revival of Crafts in Bangladesh-1984.